

( 2 )

Ex./BANGLA/PG/2.2/31/2017

অথবা

২খ. 'আলালের ঘরের দুলাল'-এ প্যারীচাঁদ মিত্রের ব্যঙ্গের মূল লক্ষ্য কারা ?  
রচনাটি অবলম্বনে লেখকের সমাজসচেতনতার পরিচয় দাও। ১০

৩ক. কলকাতার বারোইয়ারি পুজোর বর্ণনা দিতে গিয়ে হতোম কি সেকালের  
কলকাতার সমাজজীবনের একটি চলচ্ছবি এঁকে দিয়েছেন? তোমার  
কী মনে হয় জানাও।

অথবা

৩খ. 'মিউটিনি' নকশাটিতে হতোম ইতিহাসের একটি বিখ্যাত ঘটনাকে  
সমকালের চোখে কীভাবে দেখেছেন? তাঁর লেখক চিত্রের টানাপোড়েন  
কি কোনোভাবে ফুটে উঠেছে নকশাটিতে—আলোচনা করো। ১০

৪ক. "প্যারীচাঁদের আলাল দুই দশকেরও আগে লেখা ভবানীচরণের  
নববাবু-নববিবির অনুসরণ করেছে"—মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

৪খ. বাংলা নকশা গদ্যের বিবর্তনে উনিশ শতকের সাময়িক পত্র ও  
সাহিত্যপত্রের অবদান আলোচনা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

বাংলা বিতর্কের গদ্য ও নকশা (সমাজ ও ভাষা)

কোর্স পি. জি. - ২.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১.ক. ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে বাংলা বিতর্কমূলক গদ্য রচনার উদ্ভবের  
কারণ কী? যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

১.খ. বিধবাবিবাহের পক্ষে ও বিপক্ষে সরকারি কর্তৃপক্ষের কাছে যে  
আবেদনপত্র জমা পড়েছিল তার উল্লেখ করে, বিধবাবিবাহ  
বিষয়ক বিতর্কমূলক গদ্য রচনায় বিদ্যাসাগরের কৃতিত্বের আলোচনা  
করো। ১০

২.ক. ১৮৭১ খ্রিস্টাব্দে 'ক্যালকাটা রিভিউ'-তে প্রকাশিত একটি ইংরেজি প্রবন্ধে  
বঙ্কিমচন্দ্র 'আলালের ঘরের দুলাল'কে বাংলা ভাষার প্রথম 'নভেল'  
বলে চিহ্নিত করেছিলেন। তুমি কি তাঁর সঙ্গে সহমত পোষণ করো?  
যুক্তিসহ তোমার মতামত জানাও। ১০

(Turn over)